বাংলাদেশে পাচার হওয়ার আগে উদ্ধার করা হল ২টি তক্ষক

মালদা, ১২ জানুয়ারি ঃ শুধু জাল টাকা, গোরু কিংবা মাদকদ্রব্য নয়, এবার বন্যপ্রাণ পাচারেরও সন্ধান মিলল মালদায়। বন্যপ্রাণ সংরক্ষণ আইনের আওতায় থাকা টকি গেকো অর্থাৎ তক্ষক বাংলাদেশে পাচারের আগে ধরা পড়ে গেল এক পাচারকারী। বৃহস্পতিবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে দুটি পূর্ণবয়স্ক তক্ষক সহ এক ব্যক্তিকে গ্রেফতার করে বিএসএফ। উদ্ধার হওয়া তক্ষক তুলে দেওয়া হয়েছে বন্যদপ্তরের হাতে। বন্যপ্রাণপ্রেমীদের দাবি, তক্ষক দুটির বাজার দর ২০ লক্ষ টাকার ওপর।

শুক্রবার সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ারের বিএসএফের ডিআইজি আরপিএস জয়সোয়াল এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, বৃহস্পতিবার সন্ধ্যায় বৈষ্ণবনগর থানা এলাকা দিয়ে বাংলাদেশে তক্ষক পাচার করা হবে, এমনই খবর আসে বিএসএফের কাছ থেকে। গোপন সূত্রে সেই খবর পেয়ে বিএসএফের গোয়েন্দারা কালিয়াচকের ১৮ মাইল সংলগ্ন কলেজ মোড়ে এবং পিটিসি মোড়ে জাল পাতে। ওই সময় দুই সন্দেহভাজন ব্যক্তিকে মোটরবাইকে চেপে কচুয়া মোড় দিয়ে বাংলাদেশের দিকে যেতে দেখা যায়। সন্দেহ হওয়ায় ওই দুই ব্যক্তি সহ মোটর সাইকেলটি থামানোর চেষ্টা করা হয়। অবস্থা বেগতিক দেখে পালানোর চেষ্টা করে। এক ব্যক্তি পালিয়ে যেতে সক্ষম হলেও ধরা পড়ে যায় অপরজন। এরপরেই ওই ব্যক্তির সঙ্গে থাকা ব্যাগে তল্লাশি চালিয়ে উদ্ধার হয় দুটি পূর্ণবয়স্ক তক্ষক।

বিএসএফের ওই প্রেস বিজ্ঞপ্তি অনুযায়ী, ধৃতের নাম নাসিরুদ্দিন শেখ। বাড়ি কালিয়াচকের সুলতানগঞ্জের মাস্টারপাড়ায়। আরও জানা গেছে, একটি তক্ষকের দৈর্ঘ্য ১.৬ ফুট, অপরটি ১.৩ ফুট। একটির ওজন ১৫২ গ্রাম, অপরটির ১২৫ গ্রাম। উদ্ধার হওয়া তক্ষক দুটি বিপন্ন বন্যপ্রাণ প্রজাতির তৃতীয় তালিকাভুক্ত। নাসিরুদ্দিনের বিরুদ্ধে ওয়াইল্ড লাইফ প্রোটেকশন অ্যাক্ট ১৯৭২ অনুযায়ী মামলা দায়ের করে বনদপ্তরের হাতে তুলে দেওয়া হয়েছে।

অন্যদিকে, জেলার বন্যপ্রাণপ্রেমীরা জানান, তক্ষক দুটির বাজার দর একেকটি প্রায় ১০ লক্ষ টাকা করে। বিদেশের বাজারে এই সরীসৃপের চাহিদা মূলত এইডস-এর ওষুধ তৈরির জন্য। উত্তরবঙ্গের ডুয়ার্স সহ অসমে অনেক সময় তক্ষক দেখা যায়। বিএসএফ যে কাজ করেছে, তা অবশ্যই প্রশংসনীয়।

পুরস্কারের টাকা দান

মালবাজার, ১২ জানুয়ারি ঃ কালিম্পং জেলার লাভার কাছে প্রত্যন্ত এলাকা শেরপাগাঁও থেকে সংগ্রাম করে ডাঃ প্রেম দোরজি ভুটিয়া বা ডাঃ পিডি ভুটিয়া আজ উত্তরবঙ্গের স্বনামধন্য চিকিৎসক হিসাবে পরিচিত হয়েছেন। তিনি অবশ্য তাঁর নিজের মাটিকে ভোলেননি। শেরপাগাঁওতে স্বাস্থ্যকেন্দ্র তৈরির জন্য পরিবারের সকলকে নিয়ে জমি দান করেছেন। সবসময় অসহায়দের পাশে থেকেছেন। রাজ্য সরকার এবার উত্তরবঙ্গ উৎসবের সূচনাতেই প্রেমবাবুকে বঙ্গরত্ন সম্মানে ভূষিত করেছে। সদ্য কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর হাতে পুরস্কার তুলে দিয়েছেন। পুরস্কার বাবদ পাওয়া এক লক্ষ টাকার পুরোটাই শুক্রবার প্রেমবাবু কালিম্পংয়ের বাল সুরক্ষা অভিযান ট্রাস্টকে দিয়ে দিলেন। তিনি বলেন, 'ট্রাস্টটি অনাথ ও অসহায় শিশুদের হোম পরিচালনা করে।'

প্রকাশ্য সমাবেশ ফেসবুকে লাইভ করবে সিপিএম

পুরাতন মালদা, ১২ জানুয়ারি ঃ শনিবার থেকে শুরু হতে চলেছে মালদা জেলা সিপিএমের ২২তম জেলা সম্মেলন। ইতিমধ্যেই এই সম্মেলন ঘিরে উপদলীয় তৎপরতা শুরু হয়ে গেছে। সম্মেলন ঘিরে বড়ো পরিবর্তনের শঙ্কা তৈরি হওয়ায় রাজ্যের এক ঝাঁক নেতৃত্ব দুইদিন ধরে নজর রাখতে ইতিমধ্যেই জেলায় এসে গেছেন। প্রায় তিনশতাধিক প্রতিনিধির ঝাঁঝালো আক্রমণের মুখে পড়তে হতে পারে বর্তমান জেলা নেতৃত্বকে, এমনটাই শঙ্কা দলীয় নেতাদের। অন্যদিকে সম্মেলন উপলক্ষ্যে আয়োজিত প্রকাশ্য সভা ফেসবুকের মাধ্যমে লাইভ প্রচারের অভিনব উদ্যোগ নেওয়া হয়েছে।

পুরাতন মালদার তাঁতিপাড়া মাঠে শুরু হচ্ছে দু'দিন ব্যাপী সম্মেলন ও প্রকাশ্য সমাবেশ। সম্মেলনে মূলত সাংগঠনিক আলোচনা হবে। ১৩ জানুয়ারি প্রকাশ্য সমাবেশে সিপিএমের পলিটব্যুরো সদস্য তথা রায়গঞ্জ লোকসভা কেন্দ্রের সাংসদ মহম্মদ সেলিম সহ অন্যান্য নেতৃত্ব উপস্থিত থাকবেন। দলীয় সূত্রে খবর, জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রকাশ্য সমাবেশে কয়েক হাজার কর্মী-সমর্থক যোগ দেবেন। ইতিমধ্যেই জেলা সিপিএমের ২২তম সম্মেলন ঘিরে জোর প্রস্তুতি চলছে পুরাতন মালদার তাঁতিপাড়া মাঠে। এপ্রসঙ্গে সিপিএমের জেলা নেতা অম্বর মিত্র জানান, জেলার ২২তম সম্মেলন ১৩ জানুয়ারি পুরাতন মালদার তাঁতিপাড়া মাঠে শুরু হচ্ছে। সেখানে প্রকাশ্য সমাবেশে যোগ দেবেন সাংসদ মহম্মদ সেলিম। সাংগঠনিক আলোচনার পাশাপাশি সমস্তরকম আলোচনা হবে। সিপিএম সূত্রে খবর, দীর্ঘদিন বাদে দলীয় দুই নেতা শৈলেন সরকার ও জীবন মৈত্র বাদে জেলা সম্মেলন হচ্ছে। এই দুই নেতাই প্রয়াত হয়েছেন। গত ২১তম জেলা সম্মেলনেও জীবন মৈত্র ছিলেন। তাঁদের অবর্তমানে বর্তমান জেলা নেতৃত্ব একদিকে যেমন অভিভাবকহীন, ঠিক তেমনই কার্যত দিশেহারা। উপদলীয় কোন্দলে জেরবার জেলা নেতৃত্ব। প্রমাণ হিসাবে উল্লেখ করা যেতে পারে সম্প্রতি এই জেলায় ২৪টি এরিয়া কমিটির বেশ কয়েকটিতে ভোটাভুটি হয়েছে। কয়েকটিতে 'সমাঝোতা'-র মাধ্যমে গঠিত হয়েছে কমিটি। খুব কম সংখ্যক এরিয়া কমিটির সম্মেলনে নিজেদের অস্তিত্ব বজায় রেখেছে বর্তমান জেলা নেতৃত্ব। সব মিলিয়েই মনে করা হচ্ছে, ২২তম জেলা কমিটিতেও ভোটাভুটির একটা সম্ভাবনা রয়েছে। যদিও সব উপদলের নেতাদেরই দাবি, ভোটাভুটি হবে না।

অন্যদিকে ২২তম সম্মেলনের প্রকাশ্য সভা ঘিরে শুরু হয়েছে প্রচার। বৃহস্পতিবার ইংরেজবাজার এরিয়া কমিটির উদ্যোগে মালদা শহরে হয়েছে মশাল মিছিল। শনিবার সাইকেল মিছিল করা হবে।

রাজবংশীদের ঘর দেবে রাজ্য সরকার

ময়নাগুড়ি, ১২ জানুয়ারি ঃ উত্তরবঙ্গের চার জেলার ৫০০ গৃহহীন রাজবংশী জনজাতির মানুষকে ঘর দেবে ওয়েস্টবেঙ্গল রাজবংশী ডেভেলপমেন্ট অ্যান্ড কালচারাল বোর্ড। রাজ্যের অনগ্রসর শ্রেণিকল্যাণ দপ্তরের মাধ্যমে এই বাবদ ৯ কোটিরও কিছু বেশি টাকা বরাদ্দ করেছে পশ্চিমবঙ্গ সরকার। চলতি বছরের মার্চ মাসের মধ্যে এই কাজ শেষ করা হবে। কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় এই কাজ করা হবে। আগামী সোমবার কোচবিহার জেলায় এই বিষয়ে জরুরি সভা ডাকা হয়েছে। কোচবিহার জেলাশাসকের দপ্তরে রাজবংশী ডেভেলপমেন্ট অ্যান্ড কালচারাল বোর্ডের সদস্যরা আগামী সোমবার আলোচনায় স্থির করবেন কীভাবে এই কাজ সম্পন্ন করা হবে। শুক্রবার ময়নাগুড়িতে এই কথা জানান ওয়েস্টবেঙ্গল রাজবংশী ডেভেলপমেন্ট অ্যান্ড কালচারাল বোর্ডের চেয়ারম্যান তথা তৃণমূলের ময়নাগুড়ির বিধায়ক অনন্তদেব অধিকারী। চেয়ারম্যান বলেন, এক-একটি গৃহ নির্মাণের জন্য খরচ করা হবে দুই লক্ষ টাকা। দুটি কক্ষ, বারান্দা এবং শৌচাগার থাকবে। যাঁদের নিজস্ব জমি নেই তাঁদের জন্য ক্লাস্টার তৈরি করা হবে। অর্থাৎ সরকারি জমি নিয়ে সেখানে পরপর বাড়ি তৈরি করে দেওয়া হবে। বিদ্যুৎ, পানীয় জল সব মিলবে সেখানে। পরবর্তীতে উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলাতেও এই প্রকল্পের কাজ করা হবে।

বাজাজ অটোর ডিসকভার ১১০ ও ১২৫-এর বিপণন উদ্‌বোধনে সংস্থার মোটর সাইকেল বিজনেসের প্রেসিডেন্ট এরিক ভাস ও বাজাজ অটোর মার্কেটিংয়ের সুমিত নারাং।

১০৬ কোটি টাকা ঋণ দেওয়া হল আলুচাষিদের

জলপাইগুড়ি, ১২ জানুয়ারি ঃ জলপাইগুড়ি কেন্দ্রীয় সমবায় ব্যাংকের পক্ষ থেকে আলু চাষের জন্য গত তিন মাসে আলুচাষিদের ১০৬ কোটি ১২ লক্ষ ৮৭ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে। ধূপগুড়ি, রাজগঞ্জ, ময়নাগুড়ি, জলপাইগুড়ি, মাল ব্লকের পাশাপাশি প্রতিবেশী হলদিবাড়ি ব্লক এবং শিলিগুড়ি মহকুমা পরিষদের অধীনস্থ গ্রামাঞ্চলের চাষিরা এই সুবিধা পেয়েছেন। ব্যাংকের সিনিয়র অফিসার তপন বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, জলপাইগুড়ি, কোচবিহার জেলার পাশাপাশি শিলিগুড়ি মহকুমার বিস্তীর্ণ এলাকাতে আলু চাষ হয়। আলুচাষিদের সুবিধার্থে ব্যাংক স্বল্প সুদে ঋণ দিয়েছে। পরিসংখ্যান দিয়ে তিনি জানান, ধূপগুড়ি ব্লকের ৫৯৮৬ জন চাষিকে ৩১ কোটি ৭৫ লক্ষ ১১ হাজার টাকা, রাজগঞ্জ ব্লকের ২২৬০ জন চাষিকে ১৬ কোটি ৬৮ লক্ষ ১১ হাজার টাকা, ময়নাগুড়ি ব্লকের ৩১০১ জন চাষিকে ২৭ কোটি ৩১ লক্ষ ৭৭ হাজার টাকা, জলপাইগুড়ির ২৫৪৯ জন চাষিকে ২৩ কোটি ৪৪ লক্ষ ৪৬ হাজার টাকা, মাল ব্লকের ৪২০ জন চাষিকে ২ কোটি ৯৩ লক্ষ ৭৯ হাজার টাকা, হলদিবাড়ি ব্লকের ৪৩ জন চাষিকে ১৬ লক্ষ ৪৪ হাজার টাকা এবং শিলিগুড়ি মহকুমা পরিষদের অধীনস্থ গ্রামাঞ্চলের ৪১৮ জন চাষিকে ৩ কোটি ৮৩ লক্ষ ৯ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে। বিগত অক্টোবর মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত এই ঋণদান হয়েছে। বর্তমানেও ঋণদান প্রক্রিয়া জারি রয়েছে।

পাচারের তালিকায় ধূপকাঠিও

বালুরঘাট, ১২ জানুয়ারি ঃ সোনা, গোরু, অস্ত্র এসব তো পাচারের তালিকায় ছিলই। এবার বাংলাদেশে পাচারের তালিকায় নাম লেখাল ধূপকাঠিও। বাংলাদেশে পাচারের সময় ১৪ কার্টন ধূপকাঠি উদ্ধার করলেন বিএসএফের ১৮৩ ব্যাটেলিয়ানের জওয়ানরা। সঙ্গে অবশ্য ১০০ বোতল নিষিদ্ধ কাফ সিরাপও উদ্ধার করা হয়েছে। এদিন দুপুরে সেগুলি বালুরঘাট থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। স্বাভাবিকভাবেই অবাক পুলিশ কর্তারাও। ধূপকাঠিও পাচার হতে শুরু করায় আশ্চর্য সকলে।

বিএসএফ সূত্রে জানা গেছে, বালুরঘাট থানার সোনাপাড়া সীমান্ত গ্রামে পাচার সমস্যা রয়েছে। বিএসএফ ওই সীমান্তে কড়া নজরদারি রেখেছে। এদিন ভোরে প্রচণ্ড শীত ও কুয়াশাকে কাজে লাগিয়ে পাচারের ছক ছিল দুষ্কৃতীদের। তবে দূর থেকেই কাঁটাতারের বেড়ার কাছে কিছু সামগ্রী নিয়ে মানুষদের জমা হতে দেখে তাড়া করেন বিএসএফ জওয়ানরা। পাচারকারীরা সামগ্রী ফেলেই পালায়। বড়ো কার্টন দেখে জওয়ানরা সাফল্য পেয়েছেন বলে মনে করেন। কিন্তু দেখা যায়, ধূপকাঠিতে ভরতি ১৪টি কার্টন। বাক্সে শুধুই ধূপকাঠি রয়েছে। তবে একটি বাক্সে ১০০ বোতল নিষিদ্ধ কাফ সিরাপও মিলেছে। বিএসএফ সেগুলি বালুরঘাট থানার পুলিশের হাতে তুলে দেয়।

CONTRACT.SS.17.1780